

পঞ্চাশ হাজার শিক্ষার্থীর বিজ্ঞান পড়া হবে না

॥ সাহাবুল হক ॥

বিজ্ঞানের এই চরম উৎকর্ষের মুগেও দেশের ৫০ হাজার ছাত্র-ছাত্রী এ বছর উচ্চ মাধ্যমিক পর্যায়ে বিজ্ঞান নিয়ে পড়তে পারবে না। ডাক্তার, ইঞ্জিনিয়ার, পাইলট ইত্যাদি প্রত্যাশা নিয়ে এ ছাত্র-ছাত্রীরা মাধ্যমিক পর্যায়ে বিজ্ঞান নিয়ে সফলতার সাথে উত্তীর্ণ হয়েছে। ভবিষ্যতেও তারা বিজ্ঞান নিয়ে পড়াশুনা করে নিজ নিজ ক্যারিয়ার গড়বে এমনটাই ছিল তাদের স্বপ্ন। কিন্তু সে স্বপ্ন আর পূরণ হচ্ছে না। এর একমাত্র কারণ কলেজ পর্যায়ে বিজ্ঞানের আসন সংখ্যা সীমিত। অপরদিকে রয়েছে ভিন্ন চিত্র। এবার কলেজগুলোতে ব্যাপক ছাত্র-সংকট দেখা দেবে। সব মিলিয়ে কলেজে আসন খালি থাকবে অর্ধ লক্ষাধিক। ছাত্র সংকটের কবলে বেশী পড়বে গ্রাম অঞ্চলের কলেজগুলো। দেশের নামকরা কলেজগুলোতে ভর্তির ক্ষেত্রে বরাবরের

ন্যায় এবারও তুমুল প্রতিযোগিতা হবে। তবে সবচেয়ে বেশী প্রতিযোগিতা হবে বিজ্ঞান বিভাগে পড়া নিয়ে। সর্বোচ্চ ফলাফলধারী জিপিএ-৫ শ্রেণি ছাত্র-ছাত্রীদের



অনেকেই তাদের পছন্দসই কলেজে ভর্তি হতে পারবে না। গত শনিবার প্রকাশিত এসএসসি পরীক্ষার ফলাফল এবং দেশের কলেজগুলোর আসন সংখ্যা বিশ্লেষণ করে এ

চিত্র ফুটে ওঠে। প্রকাশিত ফলাফলে দেখা যায়, এ বছর ৭টি শিক্ষা বোর্ডে মোট ৩ লাখ ৯৪ হাজার ৯৯৩ জন ছাত্র-ছাত্রী মাধ্যমিক পরীক্ষায় উত্তীর্ণ হয়েছে। এর মধ্যে বিজ্ঞান বিভাগ নিয়ে পাস করেছে ১ লাখ ৫৪ হাজার ১৫৩ জন ছাত্র-ছাত্রী। কিন্তু কলেজগুলোতে বিজ্ঞানের আসন রয়েছে মাত্র ৯৮ হাজার। ফলে ৫৬ হাজার ১৫৩ জন ছাত্র-ছাত্রী বিজ্ঞান নিয়ে উচ্চ মাধ্যমিক পড়তে পারবে না। এই ছাত্র-ছাত্রীদের হয় মানবিক বিভাগে নতুবা বাণিজ্য বিভাগ নিয়ে উচ্চ মাধ্যমিক পড়তে হবে। ব্যানবেইসের তথ্য অনুযায়ী দেশে মোট কলেজ রয়েছে ২ হাজার ৪২৫টি। তন্মধ্যে সরকারী কলেজ ২৫১টি। সরকারী কলেজের ১১টিতে এইচএসসি, ১০১টি অনার্স-মাস্টার্স এবং বাকি ১৪০টি ডিগ্রী কলেজ। এসব কলেজে মোট আসন রয়েছে সাড়ে চার (২য় পৃঃ ৪-এর কঃ ৫ঃ)

পঞ্চাশ হাজার শিক্ষার্থীর

(প্রথম পৃঃ পর)

লাখ। এইচএসসিতে সরকারী কলেজে ভর্তি হতে পারবে ৮৭ হাজার ৪শ' ছাত্র-ছাত্রী। বাকি ৩ লাখ ৬২ হাজার আসন রয়েছে বেসরকারী কলেজে। মোট আসনের ২ লাখ ৫৫ হাজার মানবিক বিভাগ, ৯৮ হাজার বিজ্ঞান এবং ৮৪ হাজার আসন রয়েছে বাণিজ্য বিভাগের জন্য।

এবার এসএসসিতে ৭ বোর্ডে মোট জিপিএ-৫ পেয়েছে ১৫ হাজার ৬৩১ জন। এর মধ্যে ১৩ হাজার ৯৬২ জন জিপিএ-৫ পেয়েছে বিজ্ঞান বিভাগ থেকে। বাকি এক হাজার ৬৬৯ জন জিপিএ-৫ পেয়েছে মানবিক এবং বাণিজ্য বিভাগ থেকে। জিপিএ-৫ শ্রেণি ছাত্র-ছাত্রীদেরকেও এবার নামতরায় কলেজগুলোতে ভর্তিযুদ্ধে অংশগ্রহণ করতে হবে। গতবার অনেক কলেজে জিপিএ-৫ শ্রেণির জন্য ভর্তি পরীক্ষা ছাড়াই ভর্তির সুযোগ ছিল। কিন্তু এবার জিপিএ-৫-এর অধিকের কারণে তাদের ভর্তিযুদ্ধে নাহতে হবে।

সূত্র অনুযায়ী, উচ্চ মাধ্যমিক সরকারী এবং বেসরকারী কলেজে মোট আসন সংখ্যা রয়েছে সাড়ে চার লাখ। কিন্তু এ বছর মাধ্যমিক পাস করেছে ৩ লাখ ৯৪ হাজার ৯৯৩ জন ছাত্র-ছাত্রী। ফলে কলেজে ৫৬ হাজার আসন শূন্য থাকবে। তবে এক্ষেত্রে গ্রাম অঞ্চলের কলেজগুলোতে প্রায় অধিকাংশ আসন খালি থাকবে ছাত্র-ছাত্রীদের শহরমুখী হবার কারণে।